

upload urgently
#Epub
05.03.2025



রপ্তানি উন্নয়ন ব্যুরো

অর্থ ও হিসাব শাখা
১, কাওরান বাজার (টিসিবি ভবন)
কাওরান বাজার
ঢাকা-১২১৫।



নথি নং-২৬.০২.০০০০.০১১.০১.২৭.১২(২য় খণ্ড)- ০২২

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ রপ্তানি উন্নয়ন ব্যুরোর আওতাধীন পরিচালিত রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রশাসনিক তহবিল, রপ্তানি বাজার উন্নয়ন তহবিল, ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল এবং রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিলের আর্থিক লেনদেন সম্পর্কীয় হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে দরপত্র আহবান।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর আওতাধীন পরিচালিত নিম্নে বর্ণিত তহবিলসমূহের আর্থিক লেনদেন সম্পর্কীয় হিসাবপত্র, বিল-ভাউচার নিরীক্ষার উদ্দেশ্যে বাংলাদেশ চার্টার্ড একাউন্ট্যান্টস্ ইন্সটিটিউট এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিরীক্ষার জন্য তালিকাতুক্ত চার্টার্ড একাউন্ট্যান্টস্ ফার্ম-এর নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে:

- (ক) রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রশাসনিক তহবিল (২০২৩-২৪);
- (খ) রপ্তানি বাজার উন্নয়ন তহবিল (২০২৩-২৪);
- (গ) ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (২০২৩-২৪); এবং
- (ঘ) রপ্তানি উন্নয়ন ব্যুরোর পেনশন তহবিল (২০২৩-২৪)।

০২। আগামী ২৫-০৩-২০২৫ খ্রিঃ তারিখ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রধান কার্যালয়ে (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা) রক্ষিত টেন্ডার বক্সে সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করা যাবে এবং একই দিন বেলা ২:৩০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্রসমূহ খোলা হবে।


০৩। নিরীক্ষা কাজের প্রক্রিয়া/নিয়মাবলীঃ

ক) নিরীক্ষা শেষে বর্ণিত ০৪ (চার) টি তহবিলের বছর ভিত্তিক আয় ও ব্যয়, প্রাপ্তি ও পরিশোধ, ব্যালেন্স শীট, ব্যবস্থাপনা প্রতিবেদন ও পরিসংখ্যান বিবরণী আলাদাভাবে প্রণয়ন এবং

খ) কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে ৩(ক)-এ বর্ণিত কার্যাদি সম্পাদনপূর্বক প্রতিটি তহবিলের ০৬(ছয়) কপি নিরীক্ষা ও ব্যবস্থাপনা প্রতিবেদন এবং ১ম ০৩টি তহবিলের একীভূত ০৬ (ছয়) কপি নিরীক্ষা প্রতিবেদন ব্যুরোতে দাখিলকরণ।

০৪। ইচ্ছুক দরপত্রদাতা চার্টার্ড একাউন্ট্যান্টস্ ফার্ম-এর প্রতিনিধিগণ নিরীক্ষা কাজের ধরণ ও আর্থিক লেনদেন সম্পর্কীয় তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রধান কার্যালয়ের (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫) অর্থ ও হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে।

০৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃপক্ষ এতদসংক্রান্ত প্রাপ্ত যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


(বিবেক সরকার)

সচিব (উপসচিব)

রপ্তানি উন্নয়ন ব্যুরো

ফোনঃ +৮৮-০২-৫৫০১৩৪২০

ই-মেইলঃ secy@epb.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে):

০১। পিএ টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ব্যুরোর ওয়েবসাইটে (www.epb.gov.bd) এ আপলোডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।